



ডিন, কলা অনুষদ  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)  
ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২  
E-mail : artsfaculty1921@gmail.com

২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ  
তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ  
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৭-২০১৮

## বিজ্ঞপ্তি

- ক) যেসকল শিক্ষার্থী যথাক্রমে বিজ্ঞান ও বাণিজ্য ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে কেবল কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে বিষয় ও কলেজ মনোনয়ন পেয়েছে কিন্তু সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে পারেনি তাদের সাক্ষাৎকার ০৩ মার্চ ২০১৮ তারিখ দুপুর ০২টা থেকে অনুষ্ঠিত হবে।
- খ) বিজ্ঞান ইউনিট অথবা বাণিজ্য ইউনিট থেকে মেধা তালিকায় স্থান পেয়ে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটভুক্ত যে সকল শিক্ষার্থী এইচ.এস.সি./সমমান পর্যায়ে বাংলা ও ইংরেজি বিষয়ে 'বি' (B) গ্রেডের কম পেয়েও যথাক্রমে বাংলা ও ইংরেজি বিভাগে মনোনয়ন পেয়েছে তাদেরকে এইচ.এস.সি.-র গ্রেডশিটের ফটোকপিসহ আগামী ০৩ মার্চ ২০১৮ তারিখ দুপুর ০২.০০টায় কলা অনুষদের ডিন অফিসে উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে। উল্লেখ্য, উক্ত শিক্ষার্থীদের অন্য কোনো বিষয়ে মনোনয়ন প্রদান করা হবে। যেসকল শিক্ষার্থী ১ ডিসেম্বর ২০১৭ তারিখ কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটের ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হয়ে বাংলা/ইংরেজি বিষয়ে মনোনয়ন পেয়েছে তাদের ক্ষেত্রে এইচ.এস.সি./সমমান পর্যায়ের প্রাপ্ত গ্রেড বিবেচনাযোগ্য নয়।
- গ) কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট, বিজ্ঞান ইউনিট কিংবা বাণিজ্য ইউনিট থেকে যে সকল 'অমুসলিম শিক্ষার্থী' 'আরবি' ও 'ইসলামিক স্টাডিজ' বিষয়ে মনোনয়ন পেয়েছে তাদেরকে আগামী ০৩ মার্চ ২০১৮ তারিখ দুপুর ০২.০০ টায় কলা অনুষদ ডিন অফিসের নিচ তলায় উপস্থিত হতে বলা হচ্ছে। এই দিন তাদেরকে পরিবর্তিত বিষয় প্রদান করা হবে।

উল্লেখ্য থাকে যে, এরপর কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিটে ভর্তির আর কোনো সুযোগ থাকবে না।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও

প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট